

নম্বর: ৩৯.১১.০০০০.০০৩.১৮.০০১.২০/৬২৯

তারিখ: ২২.১২.২০২১

বরাবর

বিষয়ঃ কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড ২০২২।

জনাব,

শিক্ষার্থীদের মাঝে বিজ্ঞানের ব্যাপক চর্চা বিশেষত রাসায়নিক পরিমাপ বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আগামী ২১ জানুয়ারী ২০২২ তারিখ হতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস (বিআরআইসিএম)-এর আয়োজনে সারা বাংলাদেশের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে “কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড ২০২২”। প্রতিযোগিতাটি গ্রুপ-ক: অষ্টম শ্রেণী থেকে দশম শ্রেণী এবং গ্রুপ-খ: একাদশ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী ও গ্রুপ-গ: স্নাতক ও তদূর্ধ্ব; তিনটি গ্রুপে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, প্রতিযোগিতা শেষে নির্বাচিত প্রথম স্থান অধিকারীকে একটি ল্যাপটপ ও মেধাক্রম অনুসারে প্রতি গ্রুপের প্রথম পাঁচ জনকে ক্রেস্ট এবং অংশগ্রহণকারী সকল প্রতিযোগীকে সুভ্যেনিয়র ও সনদপত্র প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীদেরকে নিবন্ধনের শেষ তারিখ ১১ জানুয়ারী ২০২২-এর মধ্যে নিবন্ধন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে প্রচার করাসহ শিক্ষার্থীদের বিজ্ঞানচর্চায় আগ্রহী করে গড়ে তুলতে এবং “কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড ২০২২”-কে সাফল্যমন্ডিত করার জন্য আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।



ড. মালা খান

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এবং

মহাপরিচালক

বিআরআইসিএম

সংযুক্তিঃ


১) নিবন্ধনের ও পরীক্ষার নিয়মাবলি (১ টি)

২) পোস্টার (২ টি)

৩) যোগাযোগ: ০১৭১৮৫৬২২৯২/০১৫১৬১১০৩৪১/০১৭৩১৭৪৪৪১১



প্রতিযোগিতাটি তিনটি গ্রুপে অনুষ্ঠিত হবে
গ্রুপ-ক : ৮ম শ্রেণী হতে ১০ম শ্রেণী
গ্রুপ-খ : একাদশ শ্রেণী হতে দ্বাদশ
গ্রুপ-গ : স্নাতক ও তদূর্ধ্ব



দেশব্যাপী
নিবন্ধন চলছে

নিবন্ধনের শেষ তারিখ: ১১ জানুয়ারি ২০২২
প্রথম রাউন্ড: ২১ জানুয়ারি ২০২২



আয়োজক
বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট
ফর কেমিক্যাল মেজারমেন্টস্
বিআরআইসিএম
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

নিবন্ধনের নিয়মাবলী

- ◆ অনলাইনে নিবন্ধন করতে অথবা নিবন্ধন ফরম ডাউনলোড করতে BRiCM-এর ওয়েবসাইট www.bricm.gov.bd ভিজিট করুন
- ◆ নিবন্ধন পত্র জমাদানের সময় প্রবেশপত্র গ্রহণ করতে হবে ◆ নিবন্ধনের জন্য কোনো ফি প্রযোজ্য নয়

পরীক্ষার নিয়মাবলী

- ◆ নিম্নোক্ত বিষয়ের উপর বহু নির্বাচনী (MCQ) প্রশ্ন করা হবে:
- ◆ গ্রুপ-ক : গণিত, পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান, আইসিটি ও মনস্তাত্ত্বিক বিষয়
- ◆ গ্রুপ-খ : গণিত, পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান, আইসিটি ও মনস্তাত্ত্বিক বিষয়
- ◆ গ্রুপ-গ : পরিমাপ বিজ্ঞান সংশ্লিষ্ট গণিত, পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, ফার্মাসিউটিক্যাল সাইন্স, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, প্রান রসায়ন ও অনুজীব বিজ্ঞান, আইসিটি, পরিসংখ্যান ও বায়োইনফরমেটিক্স ও মনস্তাত্ত্বিক বিষয়
- ◆ প্রশ্নের ভাষা হবে বাংলা ও ইংরেজি ◆ পরীক্ষার সময় ১ ঘণ্টা ◆ পরীক্ষার স্থান SMS-এর মাধ্যমে জানানো হবে
- ◆ পরীক্ষার্থীদের প্রবেশপত্র ও স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের বৈধ পরিচয়পত্রের কপি অবশ্যই সঙ্গে আনতে হবে

যোগাযোগ



বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম)
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ড. কুদরাত-ই-খুদা সড়ক (ল্যাবরেটরি রোড), ধানমন্ডি, ঢাকা-১২০৫। ফোন: ০২-৪৪৬১২৪৫১ অথবা ভিজিট করুন www.bricm.gov.bd